গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**

হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.০৮৬.২১-১৬৮৬ তারিখ: ২১/১২/২০২৩খ্রি.

## অফিস আদেশ

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ কর্তৃক জারিকৃত অফিস আদেশ নম্বর-০৭.১০১.০১৮.০০.০০.০০৩.২০২৩-৩৫০, তারিখ: ২১/১২/২০২৩খ্রি. মোতাবেক দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালীন নির্বাচনি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত অর্থ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে সম্পন্ন করার লক্ষে ২১ ডিসেম্বর ২০২৩ হতে ১০ জানুয়ারি ২০২৪ পর্যন্ত সার্বক্ষণিক (সরকারি ও সাপ্তাহিক বন্ধের দিনসহ) iBAS++ সিস্টেম সচল ও হিসাবরক্ষণ অফিসসমূহ খোলা রাখার জন্য আদিষ্ট হয়ে নির্দেশনা প্রদান করা হলো।

(মানিক হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোন: ০২-২২২২২০৫৪৯।

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.০৮৬.২১-১৬৮৬(১-৯) তারিখ: ২১/১২/২০২৩খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বাজেট অনুবিভাগ-১ অধিশাখা-১]
২। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস, অর্থ বিভাগ, রমনা, ঢাকা।
৩। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা। **[ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]**
৯। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮। পি এস টু সিজিএ।
৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
১০। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১১। অফিস কপি।

(মানিক হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোন: ০২-২২২২২০৫৪৯।

**অতীব জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০১৮.০০.০০.০০৩.২০২৩-৩৫০

তারিখঃ ০৬ পৌষ ১৪৩০ / ২১ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ **দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালীন iBAS++ সিস্টেম সচল ও হিসাবরক্ষণ অফিসসমূহ খোলা রাখা সংক্রান্ত।**

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০১২.২০.০০২.২৩-১৮৭, তারিখ: ২০ ডিসেম্বর ২০২৩

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালীন নির্বাচনি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত অর্থ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের অনুরোধের (কপি সংযুক্ত) প্রেক্ষিতে ২১ ডিসেম্বর ২০২৩ হতে ১০ জানুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত সার্বক্ষণিক (সরকারি ও সাপ্তাহিক বন্ধের দিনসহ) iBAS++ সিস্টেম চালু ও হিসাব রক্ষণ অফিসসমূহ খোলা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১.১২.২০২৩

**(মোঃ হেলাল উদ্দীন)**
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪৬
ইমেইলঃ helalu3@finance.gov.bd

বিতরণ:

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
২। জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস, অর্থ বিভাগ, রমনা, ঢাকা

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৪। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৫। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৭। অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়
৮। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কোঅর্ডিনেটর, বিএসিএস এন্ড আইবাস++, এসপিএফএমএস, অর্থ বিভাগ, রমনা, ঢাকা

অতীব জরুরী

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
বাজেট অধিশাখা

নং- ১৭.০০.০০০০.০১২.২০.০০২.২৩-১৮৭

তারিখ: ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ iBAS++সিস্টেম ২৪ ঘন্টা সচল রাখা প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রাতিষ্ঠানিক কোড "১০৬০১০১-১২০০০০২০০" এর আওতাধীন ২০টি অর্থনৈতিক কোডে বিভিন্ন দফায় ৬৬ জন রিটার্নিং অফিসার, বিচার বিভাগীয় কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত ৩০০ টি ইলেকট্রোরাল ইনকোয়ারী কমিটি, ০৮ জন বিভাগীয় কমিশনার, ০৮ জন মহানগর দায়রা জজ, ৬৪ জন জেলা ও দায়রা জজ, ৬৪ জন জেলা প্রশাসক, ৬৪ জন পুলিশ সুপার, ৫৯২ জন সহকারী রিটার্নিং অফিসার, ৬৪ জন জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি, ৬৪ জন সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ৪৯৫ জন উপজেলা নির্বাহী অফিসার, ৫২২ জন উপজেলা/থানা নির্বাচন অফিসারসহ নির্বাচনী কাজে সহায়তাকারী/দায়িত্ব পালনকারী বিভিন্ন সংস্থা/দপ্তরের অনুকূলে একাধিকবার অর্থ বরাদ্দ প্রদান করতে হবে। এরই ধারাবাহিকতায় ০৯-১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে মোট ২৩টি মঞ্জুরিপত্র জারি করা হয়। কিন্তু iBAS++এ এন্ট্রি বিষয়ক জটিলতার কারণে অধিকাংশ ক্ষেত্রে অদ্যাবধি অর্থ উত্তোলন করা সম্ভব হয়নি।

২। এছাড়া বর্তমানে অফিস সময়ের পর এবং ছুটির দিনে iBAS++ সিস্টেম বন্ধ থাকার কারণে মাঠ পর্যায়ে অনুমোদিত অর্থ বরাদ্দের পর iBAS++ এ এন্ট্রি দিতে/অর্থ পরিশোধে বিলম্ব হচ্ছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত মাঠ পর্যায়ে যথাযথভাবে আর্থিক বরাদ্দের মাধ্যমে অর্থ পরিশোধ নিশ্চিত করার লক্ষ্যে সার্বক্ষণিক iBAS++ সিস্টেম চালু এবং মাঠ পর্যায়ের হিসাবরক্ষণ অফিসসমূহ খোলা রাখা অত্যাবশক।

৩। বর্ণিতাবস্থায়, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন চলাকালীন দ্রুততার সাথে অর্থ বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে ২১ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে সরকারি ও সাপ্তাহিক বন্ধের দিনসহ (শুক্রবার, শনিবার ও অন্যান্য) আগামী ১০ জানুয়ারি ২০২৪ তারিখ অফিস সময়ের পর পর্যন্ত সার্বক্ষণিক iBAS++ সিস্টেম চালু এবং মাঠ পর্যায়ের হিসাবরক্ষণ অফিসসমূহ খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে বিনীত অনুরোধ করা হলো।

২০/১২/২৩

(মোঃ মঈন উদ্দীন খান)
উপ-সচিব (বাজেট)
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
ফোন-৫৫০০৭৬০২

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃআঃ অতিরিক্ত সচিব (বাজেট-০১)
ও
জাতীয় কর্মসূচি পরিচালক
এসপিএফএমএস কর্মসূচি (iBAS++)
আইইবি ভবন(৫ম তলা), রমনা, ঢাকা।

নং- ১৭.০০.০০০০.০১২.২০.০০২.২৩-১৮৭

তারিখ: ০৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সি এন্ড এজি, পিএসসি ও নির্বাচন কমিশন সচিবালয়, সেগুন বাগিচা, ঢাকা।

(সালাহউদ্দীন আহমদ)
উপসচিব (চলতি দায়িত্ব)
ফোন-৫৫০০৭৫৪৫

অফিসের ঠিকানা ঃ

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫